DEC. 03 2001

দৈনিক ইত্তেফাক

তারিখ ...........
পৃষ্ঠা ১৬ কলাম ৩.....

ছাত্রলীগের বিবৃতি

## ছাত্র রাজনীতি বন্ধের ষড়যন্ত্র ছাত্রসমাজ রুখে দাঁড়াবে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ছাত্রলীগ সভাপতি বাহাদুর বেপারী এবং সাধারণ সম্পাদক অজয় কর খোকন গতকাল রোববার এক বিবৃতিতে বলেন, ছাত্র রাজনীতি বন্ধের যেকোন ষড়যন্ত্র ছাত্রসমাজ রুখে দাঁড়াবে। তারা বলেন, ছাত্র রাজনীতির সোনালী অর্জনকে ম্লান করে দেয়ার ষড়যন্ত্রের অংশ হিসেবেই আজকে খালেদা জিয়াসহ কিছু ষড়যন্ত্রী ছাত্র রাজনীতি বন্ধের চক্রান্তে লিপ্ত রয়েছেন। ছাত্রদলের সোনার ছেলেরাই ছাত্র রাজনীতিকে আজ কলংকিত করেছেন এবং তার স্বামী জিয়াই মেধাবী ছাত্রদের হাতে অস্ত্র তুলে দিয়ে জীবন নষ্ট করেছিলেন। জাসদ ছাত্রলীগের সভাপতি করিম সিকদারও এক বিবৃতিতে বলেন, ছাত্র রাজনীতি বন্ধের যেকোন ধরনের পাঁয়তারা সহ্য করা হবে না।